4

দৈনিক ইনকিলাব

12 DEC 1998 পৃঃ ৩ কঃ ৪

# টিএন্ডটি কলেজে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসি প্রোগ্রাম সেন্টার স্থগিতাদেশের বিরুদ্ধে রুলনিশি জারি

প্রেস বিজ্ঞপ্তি : গত ১০ ডিসেম্বর বিচারপতি জনাব মোহাম্মদ ফজলুল করিম, বিচারপতি জনাব মোঃ তফাজ্জল ইসলাম সমন্বয়ে গঠিত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাই কোর্ট বিভাগের একটি ডিভিশন বেঞ্চ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক ঢাকার মতিঝিলস্থ টিএন্ডটি কলেজে খোলা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট প্রোগ্রাম সেন্টারটি কোনরূপ কারণ ছাড়া স্থগিত করার সাম্প্রতিক সিদ্ধান্তের বিরুদ্ধে রুলনিশি জারি করে।

এই সেন্টারের সাথে জড়িত এবং ভাগ্য বিড়ম্বনার স্বীকারে পরিণত হয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অনিয়মিত শিক্ষা লাভের সুযোগ থেকে বঞ্চিত ২৬১ জন ছাত্রছাত্রীর অন্যতম জনাব হেলালউদ্দীন খানের রিট পিটিশন নং-৪০৭৮/১৯৯৮ ইং-এর প্রেক্ষিতে হাইকোর্ট বেঞ্চ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং অপরাপরদের বিরুদ্ধে উক্ত রুলনিশি জারি করে।

মতিঝিল টিএন্ডটি কলেজের একই ভবনে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি সার্টিফিকেট প্রোগ্রাম চালু থাকা সত্ত্বেও আকস্মিকভাবে এবং কোনরূপ কারণ ছাড়া এই কেন্দ্র বন্ধ করে দেয়ায় সংশ্লিষ্ট ২৬১ জন ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। আবেদনকারী হেলালউদ্দীন খানের পক্ষে মামলা পরিচালনা করেন বিশিষ্ট আইনজীবী এসবি ভান্ডারী।